দামুড়হুদা স্কুল, মাদ্রাসা ও ক্লাবের সদস্যদের মাঝে খেলার সামগ্রী বিতরণ

দামুড়হুদা ইউনিয়ন পরিষদের ২০২২-২৩ অর্থবছরের এলজি এসপি তিন প্রকল্পের বরাদ্দ হইতে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও ক্লাবের খেলার সামগ্রী বিতরণ করেন দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী। আজ বৃহস্পতিবার সকাল ১০টার দিকে সদর ইউনিয়ন পরিষদ চত্বরে এই খেলার সামগ্রী বিতরণ করা হয়।

জানা গেছে, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের ২০২২-২৩ অর্থবছরের এল জি এস পি প্রকল্পের বরাদ্দ হইতে কেশবপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, পুরাপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, কুশাঘাটা সরকারি প্রাথমিক বিদ্যালয়, উজিরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, ফকির পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, দামুড়হুদা দশমী সরকারি প্রাথমিক বিদ্যালয়, দামুড়হুদা সরকারী মডেল প্রাথমিক বিদ্যালয় দেউলী সরকারী প্রাথমিক বিদ্যালয়, দামড়হুদা পাইলট হাই স্কুল, মিত্তাহুল কুরআন হাফিজিয়া মাদ্রাসা, নুরানী হাফিজিয়া মাদ্রাসা, কেশবপুর উজ্জ্বল ক্লাব ও খা-পাড়া স্টার ক্লাবের সদস্যদের মাঝে ফুটবল, ক্রিকেট খেলার ব্যাড ও জার্সি বিতরণ করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন সদর ইউনিয়ন পরিষদের সচিব শামীম রেজা, সদর ইউপি সদস্য শামসুল হক, হাসান আলী, কামরুল ইসলাম, নুরুল ইসলাম, মতিয়ার সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক, ক্লাবের সদস্য ও গণ্যমান্য ব্যক্তিবর্গ।

দামুড়হুদা উপজেলা আইন শৃংখলা

কমিটির মাসিক সভা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলা আইন শৃংখলা, চোরাচালান, মানব পাচার, সন্ত্রাস-নাশকতা, নারী নির্যাতন প্রতিরোধ, কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার বেলা ১১টার দিকে দামুড়হুদা উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে সভাটি অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা সানজিদা বেগম। সভায় বক্তব্য রাখেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু, উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক হাজী সহিদুল ইসলাম, দামুড়হুদার দর্শনা সরকারি কলেজের অবসরপ্রাপ্ত অধ্যক্ষ আব্দুল গফুর, দামুড়হুদা মডেল থাানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি ফেরদৌস ওয়াহিদ, দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি লুৎফুল কবীর, দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি এম নুরুন্নবী।

এসময় উপস্থিত ছিলেন উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন, দামুড়হুদা পাইলট গার্লস স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ, দামুড়হুদা সদর ইউপি চেয়ারম্যান হযরত আলী, কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আব্দুল করিম, নতিপোতা ইউপি চেয়ারম্যান ইয়ামিন আলী, কুড়ুলগাছি ইউপি চেয়ারম্যান কামাল উদ্দীন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান ববি, উপজেলা আনসার ভিডিপির কর্মকর্তা রাফেজা খাতুন, দামুড়হুদা মডেল সরকারি প্রাইমারি স্কুলের প্রধান শিক্ষক কুতুব উদ্দীন।

দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি এম নুরুন্নবী বলেন, উপজেলার আইন শৃংখলা পরিস্থিতি মোটামুটি ভালো তবে দুঃখজনক হলেও সত্য সরকার সম্প্রতি সময়ে দামুড়হুদার সুবলপুর থেকে ১১কিলোমিটার ভেরব নদ খননের টেন্ডার দেন। ঠিকাদারী প্রতিষ্ঠান ভেরব নদ খনন কাজ শেষ করেন। খননের দুপাড়ের মাটি প্রকাশ্যে বিভিন্ন ইটের ভাটা ও মাটি ব্যবসায়ীদের কাছে বিক্রি করে আসছে। ইতোমধ্যে কিছু কিছু স্থানে ভৈরব নদের পাড়ের মাটি উধাও হয়ে গেছে। যা সরকারের গাছ লাগানো ও মাটি ডেসিং করা টেন্ডারের কাজ ব্যাহত হবে বলে এলাকাবাসি মনে করছেন।

ইতোমধ্যে ভৈরব নদের মাটি অপসরণ রোধে দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা ও ওসি দামুড়হুদা কে চিঠি দিয়েছেন বলে পানি উন্নয়ন

বোর্ডের মাধ্যমে জানতে পেরেছি। তার পরও কোন অদৃশ্য শক্তির বলে ভৈরব নদের মাটি হরিলুট হচ্ছে তা আমার অজানা!!

দামুড়হুদায় শীতের আগাম প্রস্তুতি! উপজেলায় তেপ-তোষকের দোকানে ভিড়

শীত নিরাময় করতে উপজেলার বিভিন্ন স্থানের বাসিন্দারা আগাম প্রস্তুতি নিচ্ছেন। এ প্রস্তুতি নিতে উপজেলার লেপ-তোষকের দোকান গুলোতে ভীড় জমতে লক্ষ্য করা গেছে। ভীড়কে কেন্দ্র করে ব্যস্ত সময় পার করতে দেখা গেছে কারিগর সহ দোকান মালিকদেরকে।

দামুড়হুদা,উপজেলার প্রায় সকল লেপ- তোষকের দোকানে ক্রেতাদের উপস্থিতি থাকতে দেখা গেছে কমবেশি।কেউ যাচ্ছে ওর্ডার দিতে, আবার কেউ যাচ্ছেন নিদিষ্ট একাটা মাপ দিয়ে কেমন মজুরি পড়বে জানতে।অবশ্য এবছরে অনান্য মালামালের সাথে সাথে বেড়েছে লেপ তোষক তৈরির ব্যবহারের পন্য সামগ্রি।সেজন্য লেপের কাপড়, ফোম, মজুরির দামটাও একটু বেশি বলে বিক্রতা সহ ক্রেতাদের দাবি।

উপজেলার হাউলী ইউনিয়নের জয়রামপুর কাঁঠাল তলা বাজারের লেপ ব্যবসায়ী আলী আজগার জানান, আমি প্রায় ২০ বছর ধরে
এ পেশায় নিয়োজিত। এবার শীতে দোকানে প্রচুর পরিমাণে মানুষের ভিড় হচ্ছে, কিন্তু দাম একটু বেশি হাওয়ায় কাস্টমার ফিরে যাচ্ছে। গত বারের তুলনায় এবার মালা মালের দাম বেশি,যে তুলা কিনতাম ১২০ টাকা কেজি সেই তুলা কিনতে হচ্ছে ২০০ টাকা কেজি,আর যে কাপড় কিনতাম ৩০ টাকা গজ, এখন কিনতে হচ্ছে ৬০ টাকা গজ,সুকলা কিনতাম ২০ কেজির ব্যাল্ট ৪০০ টাকা এখন কিনতে হচ্ছে ৭০০ টাকায়।

তিনি আরো বলেন, কারিগরদের আগে লেপ প্রতি হাজিরা দিতে হতো ২০০ থেকে ২৫০ টাকা, এবছরে দিতে হচ্ছে ৩০০ থেকে ৩৫০ টাকা।

কারিগর করিম হোসেন বলেন, আমি ১০ রকমের লেপ তোষক তৈরি করতে

পারি। সিঙ্গেল লেপ বিক্রি করছি সর্বনিম্ন ১০০০ থেকে ১৫০০ টাকা, ডাবল লেপ ১৫০০/৩০০০ টাকা। কিন্তু জিনিসের দাম একটু বেশি হাওয়ায় গতবারের তুলনায় এবার একটু বেচাকেনা কম হচ্ছে।

জয়রামপুর গ্রামের ডালিম হোসেন বলেন, আমি তিন টা লেপ তোষক অর্ডার দেওয়ার জন্য দোকানে গিয়ে ছিলাম কিন্তু এবারে দাম অনেক বেশি বলছে, দোকানদার বলছে আমরা কি করিবো যেমন দামে জিনিস পত্র কিনছি তেমন দামে বিক্রি করছি। তিনি আরো বলেন গত বছরে যে তোষক কিনে ছিলাম ১.৫০০ টাকায় এবার কিনতে হচ্ছে ২.৫০০ থেকে ৩.০০০ টাকায়।

দামুড়হুদা গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত

দামুড়হুদা গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার বিকেল ৫টার দিকে দামুড়হুদা শেখ রাসেল মিনি স্টেডিয়াম মাঠে প্রস্তুতিমূলক সভাটি অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক এম নুরুন্নবীর সভাপতিত্বে সভায় উপস্থিত ছিলেন ক্রীড়া সংগঠক ইউসুফ আলী, ক্রীড়া শিক্ষক সৈয়দ মাসুদুর রহমান, সাবেক মেম্বার ইকরামুল হোসেন, ক্রীড়া সংগঠন নুরুল ইসলাম, ইকরামুল হক, শিক্ষক আব্দুর রাজ্জাক, নুর কুতুব উল আলম, মিজানুর রহমান, আওয়ামী লীগ নেতা ইমতিয়াজ হোসেন, বাসস্ট্যান্ড বাজার কমিটির সভাপতি মাকসুদুর রহমান রতন, সাধারণ সম্পাদক সাদেক আলী বিশ্বাস পাখি, নতিপোতা ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক শিক্ষক মোমিনুল হক, জুড়ানপুর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আবু তালেব, শিক্ষক ফারুক হোসেন, রাজ হোসেন, জান মোহাম্মদ, আমিনুল ইসলাম, জামিরুল ইসলাম, সহিদ আজম সদু, তুষার, তামিম, আরশেদ আলী, বিজয় তন্ময় সরকার প্রমুখ।

প্রস্তুতিমূলক সভা শেষে দামুড়হুদা উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ

সম্পাদক এম নুরুন্নবী কে আহ্বায়ক করে ৫১সদস্য বিশিষ্ট টুর্নামেন্ট পরিচালনা কমিটি গঠন করা হয়।

দামুড়হুদায় বিভিন্ন মামলায় ১৩ জন ওয়ারেন্ট ভুক্ত আসামি আটক

দামুড়হুদা মডেল থানার পুলিশ বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে ১১ জন ওয়ারেন্ট ভুক্ত আসামি ও ২ জন সন্দেহ ব্যাক্তিকে আটক করেন।

আটকৃতরা হলো আশরাফ হোসেন,লিটন মিয়া,আব্দুল মালেক,আব্দুল খালেক,স্বপন মিয়া,সাকিব মিয়া,হাফিজুর রহমান, শহিদুল ইসলাম, সাইফুল ইসলাম, বিল্লাল হোসেন, ও রাজু।

গতকাল বুধবার রাতে বিভিন্ন এলকায় অভিযান চালিয়ে তাদেরকে আটক করেন।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) ফেরদৌস ওয়াহিদ এর নির্দেশে গোপন সংবাদের ভিত্তিতে এস আই সঞ্জিত কুমার মন্ডল, এস আই তৌহিদুর রহমান শেখ, এ এস আই দিরাজ,এ এস আই আব্দুর গাফ্ফার শেখ, বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে সি আর, জি আর মামলার আসামী জয়রামপুর গ্রামের ছবের আলীর ছেলে আশরাফ, কলাবাড়ি রামনগর গ্রামের ফকির চাঁদের ছেলে লিটন মিয়া,কাদিপুর গ্রামের শুকুর আলীর ছেলে আব্দুল খালেক, আব্দুল মালেকের ছেলে স্বপন মিয়া, আঃ মালে’র ছেলে সাকিব মিয়া, মুন্সিপাড়ার আশাদুল হকের ছেলে হাফিজুর রহমান, মৃত রফিকুল ইসলামের ছেলে শহিদুল ইসলাম, মৃত আনছার আলীর ছেলে মুরশিদ আলী, বারিক আলীর ছেলে সাইফুল ইসলাম, পিরপুরের মৃত তাহের বিশ্বাসের েছেলে বিল্লাল হোসেন, জয়রামপুর হাজীপাড়ার আঃ রাজ্জাকের ছেলে রাজুকে আটক করেন।

আজ বৃহস্পতিবার তাদেরকে আদালতে সৌর্পদ করেন পুলিশ।

দামুড়হুদায় সামাজিক সুরক্ষা কর্মসূচি বিষয়ক গণশুনানি অনুষ্ঠিত

দামুড়হুদায় সামাজিক সুরক্ষা কর্মসূচি বিষয়ক গণশুনানী অনুষ্ঠিত হয়েছে। বুধবার বেলা সাড়ে ১১টার দিকে দামুড়হুদা উপজেলা পরিষদের হলরুমে ওয়েভ ফাউন্ডেশনের আয়োজনে গণশুনানি অনুষ্ঠিত হয়।

এসপিপিএস প্রকল্পের আওতায় দি এশিয়া ফাউন্ডেশনের সহযোগিতায় সামাজিক সুরক্ষা কর্মসূচি বিষয়ক “গণশুনানিতে সভাপতিত্ব করেন দামুড়হুদা উপজেলা লোকমোর্চার সভাপতি ও আব্দুল ওদুদ শাহ ডিগ্রি কলেজের অধ্যক্ষ কামাল উদ্দীন। গণশুনানিতে প্রধান অতিথির বক্তব্য রাখেন দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা সানজিদা বেগম।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা সমাজসেবা অফিসার তোফাজ্জেল হক, দামুড়হুদা উপজেলা লোকমোর্চার সাধারণ সম্পাদক ও দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, দামুড়হুদা উপজেলা লোকমোর্চার সহ সভাপতি হাজী শহিদুল ইসলাম।

এছাড়াও উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা লোকমোর্চার দপ্তর সম্পাদক ইউনুস আলী, উপজেলা লোকমোর্চার নির্বাহী সদস্য শওকত আলী, আওয়ামীলীগ নেতা ইমতিয়াজ হোসেন, দামুড়হুদা উপজেলা লোকমোর্চার নির্বাহী সদস্য মাকসুদুর রহমান রতন, মিরাজুল ইসলাম মিরাজ, রকিবুল হাসান তোতা, আরিফুল ইসলাম মিলন, আতিকুল ইসলাম রনি, হাউলী ইউপি সদস্য রিকাত আলী, সহ বিভিন্ন ইউনিয়ন পরিষদের মেম্বার, রাজনৈতিক নেতা ও সুশীল সমাজের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

সমগ্র অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ওয়েভ ফাউন্ডেশনের প্রোগ্রাম অফিসার ফরহাদ হোসেন।

দামুড়হুদায় জয়রামপুর ইয়ুথ ক্লাব ফুটবলে উকতো একাদশ চাম্পিয়ন

দামুড়হুদার জয়রামপুর ইয়ুথ ক্লাব ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার বিকাল ৩টায় জয়রামপুর ইয়ুথ ক্লাব ফুটবল মাঠে এই ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়। টুর্নামেন্টের ফাইনাল ম্যাচে মুখোমুখি মাঠে নামে উকতো একাদশ বনাম রঘুনাথপুর একাদশ।খেলায় রঘুনাথপুর একাদশকে ২-০ গোলে হারিয়ে চ্যাম্পিয়ন হয় উকতো একাদশ।

দামুড়হুদার জয়রামপুর ইয়ুথ ক্লাবের প্রধান উপদেষ্টা আহসান কবির রিপনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা ০২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান মাহফুজুর রহমান মঞ্জু, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনছুর বাবু, দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী শহিদুল ইসলাম, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদ, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, হাউলী ইউনিয়ন পরিষদের (ভারপ্রাপ্ত) চেয়ারম্যান নিজাম উদ্দিন, হাউলী ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবু সাঈদ খোকন, জয়রামপুর ইয়ুথ ক্লাবের সভাপতি জাকির হোসেন।

ম্যাচ শেষে চাম্পিয়ান ও রানার্সআপ দলের অধিনায়কের হাতে পুরস্কার তুলে দেন অতিথি বৃন্দরা। চ্যাম্পিয়ন দলকে দেওয়া হয় ২৫ হাজার টাকা এবং রানার্সআপ দলকে দেওয়া হয় ১৫ হাজার টাকা।

প্রধান অতিথি হাজী আলী আজগার টগর বলেন, আমি মনে করি প্রতিটি শিক্ষার্থী লেখাপড়ার পাশাপাশি খেলাধুলা করা অপরিহার্য, খেলাধুলা করিলে শরীর মন সুস্থ ও সবল থাকে। তাই প্রতিটি মানুষের খেলাধুলা করার প্রয়োজন আছে। নিয়মিত খেলাধুলা করিলে শরীরকে রোগবালাই ও মাদকাসক্তি থেকে মুক্ত থাকা যায়।

জয়রামপুর ইয়ুথ ক্লাবের সাধারণ সম্পাদক সাইফুল বিন আহমদের ব্যবস্থাপনায় এসময় উপস্থিত ছিলেন, আমজাদ হোসেন, সাবেক ফুটবলার মুন্নাফ হোসেন, সামসুল আলম, গোলাম সরোয়ার ছোটো, আব্দুল মালেক, রাজীব, স্বপন , রাশেদুল ইসলাম রনি, হাফিজুর, আরিফ, নাজির, মুসা, হাসিবুল, সামসুল হক সহ ক্লাবের সকল সদস্য বৃন্দ সহ গণমান্য ব্যক্তিবর্গ।

ম্যাচটিতে রেফারির দায়িত্ব পালন করেন একরামুল হাসান নিপুন, সহকারী রেফারি ছিলেন আব্দুস সবুর ও তরিকুল ইসলাম আলো। ধারাভাষ্যে ছিলেন উদিয়মান ধারাভাষ্যকার শামীম খাঁন, রাশেদ ও আজমল।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন দামুড়হুদা উপজেলা সাবেক ছাত্রলীগের সাধারণ সম্পাদক বাবুল হোসেন তরফদার নিশান। খেলাটি স্পন্সর করেছেন স্টুডেন্টস কর্ণার।

দামুড়হুদায় দিনব্যাপী ডিজিটাল উদ্ভাবনী মেলা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলায় ব্যাপক উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে উপজেলা পরিষদ চত্বরে দিনব্যাপী ডিজিটাল উদ্ভাবনী মেলা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকাল ১০ টার দিকে উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত এ মেলা আনুষ্ঠানিক ভাবে উদ্বোধন করেন চুয়াডাঙ্গা – ২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর এমপি।

উদ্বোধন শেষে মেলার স্টল ঘুরে দেখেন প্রধান অতিথি সহ অতিথি বৃন্দরা। মেলায় ৪০ টি স্টলে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সেবা সম্প্রসারণ ও তার সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে উপজেলার বিভিন্ন সরকারি – বেসরকারি প্রতিষ্ঠান তাদের আধুনিক প্রযুক্তি ও উদ্ভাবন ডিজিটাল সেবা সমূহ প্রদর্শন করা হয়।বেলা ১১ টার দিকে উপজেলা নির্বাহী অফিসার সানজিদা বেগম এর সভাপতিত্বে বঙ্গবন্ধু মোড়াল প্রাঙ্গণে অনুষ্ঠিত হয় আলোচনা সভা,বাইসাইকেল ও

বেঞ্চ বিতরণ করা হয়।

অনুষ্ঠানের প্রধান অতিথি মাননীয় সংসদ সদস্য হাজী আলী আজগার টগর এমপি কোভিড-১৯ মোকাবিলায় স্থানীয় সরকারের মাননীয় মন্ত্রী জাতীয় সংসদ সদস্যদের অনুকূলে দেওয়া বরাদ্দকৃত অর্থ হতে উপজেলার ১০ টি মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের মেধাবী, হত দরিদ্র শিক্ষার্থীদের মোট ১৩০ টি বাইসাইকেল ও উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) হতে উপজেলার ৩৫ টি শিক্ষা প্রতিষ্ঠানে সর্বমোট ৬৩৭ জোরা বেঞ্চ বিতরণ করেন।বিতরণ কালে তিনি বর্তমান সরকারের সার্বিক সেক্টরের অভাবনীয় তথ্য ও উন্নয়ন চিত্র তুলে ধরে গুরুত্বপূর্ণ বক্তব্য রাখেন প্রধান অতিথি।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, চুয়াডাঙ্গা জেলা পরিষদের নব- নির্বাচিত চেয়ারম্যান, দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি মাহাফুজুর রহমান মঞ্জু, উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী মোঃশহিদুল ইসলাম, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান,সদর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি শহিদুল ইসলাম।

সমগ্র অনুষ্ঠানটি উপজেলা সমবায় কর্মকর্তা হারুন অর রশীদ এর প্রাণবন্ত সঞ্চালনায় আরো উপস্থিত ছিলেন, আব্দুল ওদুদ শাহ্ ডিগ্রি কলেজ এর অধ্যক্ষ কামাল উদ্দিন,সরকারি দপ্তরের দপ্তর প্রধান, উপজেলার সকল ইউপি চেয়ারম্যান, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান প্রধান,শিক্ষার্থী, গণমাধ্যম কর্মী, রাজনৈতিক ব্যাক্তিবর্গ প্রমূখ।

বিকালে দিনব্যাপী এ ডিজিটাল উদ্ভাবনী মেলার সমাপনী অনুষ্ঠান পুরুস্কার বিতরণীর মধ্য দিয়ে শেষ হয়েছে।

দামুড়হুদায় জাতীয় সমবায় দিবস

উদযাপন উপলক্ষে র্যালি ও আলোচনা সভা

বঙ্গবন্ধুর দর্শন,সমবায়ে উন্নয়ন প্রতিপাদ্য বিষয় কে সামনে রেখে দামুড়হুদায় জাতীয় সমবায় দিবস উদযাপন উপলক্ষে র্যালি ও আলোচনা সভা করা হয়েছে।

শনিবার উপজেলা প্রসাশন ও সমবায় বিভাগের আয়োজনে র্যালি,আলোচনা সভা,সম্মনা স্বারক প্রদান করা হয়েছে।

দিবসটি উপলক্ষে সকাল সাড়ে ১০টার দিকে উপজেলা পরিষদ চত্বরে জাতীয় ও সমবায় পতাকা উত্তেলন করেন উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার। এরপর উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে উপজেলা পরিষদ চত্বর থেকে এক বর্ণাঢ্য র্যালি বের হয়ে উপজেলা চৌরাস্তার মোড় ঘুরে একই স্থানে এসে শেষ হয়।পরে উপজেলা পরিষদ সভাকক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার সানজিদা বেগমের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন,উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনছুর বাবু। বিশেষ অতিথী ছিলেন,উপজেলা আওয়ামী লীগের সাধারন সম্পাদক হাজী শহিদুল ইসলাম,উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান সহিদুল ইসলাম ও দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) ফেরদৌস ওয়াহিদ।

আলোচনা সভায় স্বাগত বক্তব্য রাখেন উপজেলা সমবায় অফিসার হারুন অর রশিদ। এছাড়াও বক্তব্য রাখেন দামুড়হুদা সদর ইউপি চেয়ারম্যান ও উপজেলা যুবলীগের সাধারন সম্পাদক হযরত আলি,দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী, উপজেলা কৃষক সংগঠনের সভাপতি দামুড়হুদা সদর ইউপির সদস্য সামসুল ইসলাম।

সমবায়ী দের মধ্যে বক্তব্য রাখেন,আলি আজগার সোনা,উপজেলা চুল প্রসেসিং সমিতির সভাপতি হাসিবুজ্জামান সহিদসহ অন্যরা।আলোচনা সভা শেষে উপজেলা পর্যায়ে ৫টি ক্যাটাগরিতে ক্রেস্ট ৫টি সমবায় সমিতির সম্মাননা স্বারক প্রদান করা হয়। সমগ্র অনুষ্ঠান সঞ্চালনা করেন উপজেলা সমবায় অফিসার হারুন অর রশিদ।

দামুড়হুদা মডেল সরকারি প্রাইমারি বিদ্যালয়ে শিক্ষার মানোন্নয়ে মতবিনিময় সভা

দামুড়হুদা উপজেলা সদরের মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার গুণগত মানোন্নয়নে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

বিদ্যালয়ের শিক্ষার গুণগত মানোন্নয়নে প্রাক্তন শিক্ষার্থীদের সাথে মতবিনিময় সভায় বিদ্যালয়ের পূর্বের পরিবেশ ফিরিয়ে আনতে বিদ্যালয় চত্বরে ফুল বাগান তৈরি, বৃক্ষ রোপন করার বিষয়ে সিদ্ধান্ত হয়।

শুক্রবার বিকাল ৪টার দিকে দামুড়হুদা মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের আয়োজনে মতবিনিময় সভাটি অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিচালনা পরিষদের সভাপতি মাকসুদুর রহমান রতনের সভাপতিত্বে মতবিনিময় সভায় বক্তব্য রাখেন বিদ্যালয় পরিচালনা পরিষদের সহসভাপতি দামুড়হুদা সদর ইউনিয়নের ৪নং ওয়ার্ডের মেম্বার জাহিদুল ইসলাম, বিদ্যালয়ের প্রধান শিক্ষক কুতুব উদ্দীন, বিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থী মো আনারুল ইসলাম, মো রহমতুল্লাহ।

বিদ্যালয়ের আইসিটি কক্ষে মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন বিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থী ইমরান হোসেন, রাসেল, সাব্বির রহমান, মিজান, রাব্বী, আবিদ, ফাহাদ প্রমূখ।